তারিখ : 25 AUG 2017
পৃষ্ঠা : ২ কলাম : ২

দৈনিক
আমাদের সময়

# এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের ঈদ বোনাস ছাড়

নিজস্ব প্রতিবেদক ●
বেসরকারি স্কুল ও কলেজের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের ঈদুল আজহার বোনাসের চেক সংশ্লিষ্ট ব্যাংকে পাঠিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। মাউশির সাধারণ প্রশাসন শাখার উপ-পরিচালক মো. শফিকুল ইসলাম সিদ্দিকি গতকাল এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বণ্টনকারী অগ্রণী ও রূপালী ব্যাংক, প্রধান কার্যালয় এবং জনতা ও সোনালী ব্যাংকের স্থানীয় কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে।

আগামী ২৯ আগস্ট পর্যন্ত শিক্ষক-কর্মচারীরা তাদের নিজ নিজ ব্যাংক হিসাব নম্বরের মাধ্যমে বোনাসের টাকা তুলতে পারবেন।